তারিখ 26 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

## সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী ব্লগার-শিক্ষক হত্যাকারীদের গ্রেফতার করা হয়েছে

■ সমকাল প্রতিবেদক

ব্লগার, লেখক, প্রকাশক ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ সবার হত্যাকারীকে পুলিশ শনাক্ত ও গ্রেফতার করেছে বলে সংসদে দাবি করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। গতকাল সোমবার জাসদের নাজমুল হক প্রধানের এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'একটি মহল চাপাতি দিয়ে খুন করে দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্র করছে। আমাদের আইন-শৃঙ্খলা বাহিনীও অত্যন্ত তৎপর। সব ঘটনার তদন্ত করে হত্যাকারীদের শনাক্ত ও গ্রেফতার করেছে। আমরা সময়মতো এগুলো নিয়ন্ত্রণ করতে পেরেছি।'

সরকারি দলের পঙ্কজ নাথের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশে আইএসের কোনো অস্তিত্ব নেই। এখানে গজিয়ে ওঠা কিছু জঙ্গি সংগঠন দেশকে অস্থিতিশীল করার জন্যই এসব ঘটনা ঘটাচ্ছে। একই উদ্দেশ্যে তারা বিদেশিদেরও হত্যা করছে।

আসাদুজ্জামান খান আরও বলেন, গ্রেফতার হওয়া জঙ্গিরা স্বীকার করেছে, তারা আইএসের সঙ্গে সম্পৃক্ত নয়। এসব জঙ্গির উত্থান দেশেই। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপককে নির্মমভাবে হত্যাকাণ্ডের ঘটনায় দু'জন সন্দেহভাজনকে এরই মধ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ধরেছে। তদন্ত চলছে। আশা করি ঘটনায় জড়িতদের চিহ্নিত করা যাবে।

এর আগে গতকাল সচিবালয়ে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পৃথিবীর অন্যান্য আধুনিক দেশের চেয়ে বাংলাদেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## ব্লগার-শিক্ষক

[১৯ পৃষ্ঠার পর]

অনেক ভালো। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রেজাউল করিম সিদ্দিকী হত্যাকাণ্ড একটি বিচ্ছিন্ন ঘটনা দাবি করে তিনি বলেন, সারাদেশে এ নিয়ে নিরাপত্তাহীনতার কোনো কারণ নেই। তিনি বলেন, সন্ত্রাসীদের শনাক্ত করে কঠোর হাতে দমন করা হচ্ছে। কেউ বাদ পড়ছে না। দেশবাসীর আতঙ্কিত হওয়ার কিছু নেই। আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতিরও আশঙ্কা নেই।

গতকাল কারারক্ষী খুনের বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য হত্যায় কারা জড়িত, তা তদন্ত সাপেক্ষে বলা যাবে।

**সীমান্তে ১৪৬ জনকে হত্যা :** মাহমুদ উস সামাদ চৌধুরীর প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গত সোয়া চার বছরে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী ও ভারতীয় নাগরিকদের হাতে ১৪৬ বাংলাদেশি নিহত হয়েছেন। হত্যা বন্ধের প্রচেষ্টা হিসেবে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) প্রাণঘাতী অস্ত্রের বদলে রাবার বুলেট ব্যবহার করছে। তাছাড়া গত বছরের আগস্টে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠকে বিএসএফের মহাপরিচালক সীমান্ত হত্যা শূন্যের কোঠায় নামিয়ে আনতে একমত হয়েছেন। একই সঙ্গে তিনি সীমান্ত হত্যা এড়িয়ে চলতে বাংলাদেশিদের ভারতে অবৈধ অনুপ্রবেশ এবং খারাপ কাজে লিপ্ত না হওয়ার আহ্বান জানান।

হাজি মো. সেলিমের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, নাজিম উদ্দিন রোড থেকে ঢাকা কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর জাতির পিতা ও জাতীয় চার নেতার স্মৃতি জাদুঘর জনগণের জন্য উন্মুক্ত করা হবে।